রয়েল সিমেন্ট

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
শুক্রবার | ২৪ জুলাই ২০২৬ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

কনফিডেন্স সিমেন্ট
01755550035-36

# প্রিমিয়ার ভার্সিটিতে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'যেখানে যুক্তির ভাবনা মেশে সাগরের ঢেউয়ে, পাহাড়ের উচ্চতায়' এই প্রতিপাদ্যকে সামনে রেখে উদ্বোধন করা হয়েছে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব। গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত ৩ দিনব্যাপী এই জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং প্রক্টর ব মোহাম্মদ সোলাইমান চৌধুরী। সভাপতিত্ব করেন পিইউডিএসের চিফ মডারেটর জুলিয়া পারভীন। উপস্থিত ছিলেন মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, সাইফুদ্দিন মুন্না এবং নিলুফার সুলতানা। স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস সভাপতি ফজল আল মাহমুদ অয়ন। অনুষ্ঠান সঞ্চালনা করেন পিইউডিএস সাধারণ সম্পাদক সিফাত নূর চৌধুরী। প্রধান অতিথি বলেন, বিতর্ক কেবল প্রতিযোগিতা নয়, এটি যুক্তিবোধ, বিশ্লেষণী চিন্তা ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম। তিনি শিক্ষার্থীদের মুক্তচিন্তা ও ইতিবাচক যুক্তিচর্চার মাধ্যমে সমাজ ও রাষ্ট্র গঠনে ভূমিকা রাখার আহ্বান জানান। বিশেষ অতিথি প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের ব্যক্তিত্ব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেভাপতির বক্তব্যে জুলিয়া পারভীন বলেন, পিইউডিএস দীর্ঘদিন ধরে যুক্তি, জ্ঞান ও মানবিক মূল্যবোধ চর্চার একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে যাচ্ছে। এবারের জাতীয় বিতর্ক উৎসবও দেশের তরুণ বিতার্কিকদের জন্য নতুন অভিজ্ঞতা ও অনুপ্রেরণার ক্ষেত্র তৈরি করবে।এবারের আয়োজনে অনুষ্ঠিত হচ্ছে ২৪টি স্কুল দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা, ১৬টি কলেজ দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা এবং ২৬টি বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণে দ্বাদশ আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা। ৩ দিনব্যাপী এই উৎসবে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত বিতার্কিকদের অংশগ্রহণে মুখর হয়ে উঠেছে ইউনিভার্সিটি ক্যাম্পাস।



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক উৎসবের উদ্বোধনীতে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির ও অন্যরা*

Ref: Daily Azadi, Date: 24 July 2026, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-07-24

চট্টগ্রাম শুক্রবার ২৪ জুলাই ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১৪৯ তম সংখ্যা । । ৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ । । ৯ সফর ১৪৪৮ হিজরি । । Friday 24 July 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি আয়োজিত জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভিসি প্রফেসর ড. নছরুল কদির*

# দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'যেখানে যুক্তির ভাবনা মেশে সাগরের ঢেউয়ে, পাহাড়ের উচ্চতায়' এই প্রতিপাদ্যকে সামনে রেখে উৎসবমুখর পরিবেশে উদ্বোধন করা হয়েছে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৬। গতকাল (২৩ জুলাই) বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত তিনদিনব্যাপী এই জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর জুলিয়া পারভীন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, সাইফুদ্দিন মুন্না এবং নিলুফার সুলতানা। স্বাগত বক্তব্য প্রদান করেন পিইউডিএস-এর সভাপতি ফজল আল মাহমুদ অয়ন এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পিইউডিএস-এর সাধারণ সম্পাদক সিফাত নূর চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, বিতর্ক কেবল প্রতিযোগিতা নয়, এটি যুক্তিবোধ, বিশ্লেষণী চিন্তা ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের ভিন্নমতকে সম্মান করতে শেখায় এবং যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা তৈরি করে। এবারের আয়োজনে অনুষ্ঠিত হচ্ছে ২৪টি স্কুল দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা, ১৬টি কলেজ দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা এবং ২৬টি বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 24 July 2026, Page: 3, Col: 1

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-07-24

শুক্রবার
চট্টগ্রাম
২৪ জুলাই ২০২৬
৯ শ্রাবণ ১৪৩৩
৯ সফর ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-২০৭

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনীতে উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির ও অন্যরা

# প্রিমিয়ার ভার্সিটিতে পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'যেখানে যুক্তির ভাবনা মেশে সাগরের ঢেউয়ে, পাহাড়ের উচ্চতায়' প্রতিপাদ্যকে সামনে রেখে উৎসবমুখর পরিবেশে উদ্বোধন করা হয়েছে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৬। ২৩ জুলাই সকাল সাড়ে ৯টায় প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত তিনদিনব্যাপী এই জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর জুলিয়া পারভীন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, সাইফুদ্দিন মুন্না এবং নিলুফার সুলতানা। স্বাগত বক্তব্য প্রদান করেন পিইউডিএস-এর সভাপতি ফজল আল মাহমুদ অয়ন এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পিইউডিএস-এর সাধারণ সম্পাদক সিফাত নূর চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, বিতর্ক কেবল প্রতিযোগিতা নয়, এটি যুক্তিবোধ, বিশ্লেষণী চিন্তা ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম। তিনি শিক্ষার্থীদের মুক্তচিন্তা ও ইতিবাচক যুক্তিচর্চার মাধ্যমে সমাজ ও রাষ্ট্র গঠনে ভূমিকা রাখার আহ্বান জানান।

বিশেষ অতিথি প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের ব্যক্তিত্ব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জাতীয় পর্যায়ের এমন একটি মানসম্মত বিতর্ক উৎসব আয়োজনের জন্য তিনি পিইউডিএসকে অভিনন্দন জানান এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের ভিন্নমতকে সম্মান করতে শেখায় এবং যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা তৈরি করে। তিনি অংশগ্রহণকারী সকল বিতার্কিকের সফলতা কামনা করেন।

প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, বিতর্কের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে শৃঙ্খলা, আত্মবিশ্বাস, নেতৃত্ব ও দায়িত্ববোধের বিকাশ ঘটে। তিনি সকল প্রতিযোগীকে সুস্থ ও ইতিবাচক প্রতিযোগিতার মাধ্যমে নিজেদের দক্ষতা তুলে ধরার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে জুলিয়া পারভীন বলেন, পিইউডিএস দীর্ঘদিন ধরে যুক্তি, জ্ঞান ও মানবিক মূল্যবোধ চর্চার একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে যাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, এবারের জাতীয় বিতর্ক উৎসবও দেশের তরুণ বিতার্কিকদের জন্য নতুন অভিজ্ঞতা ও অনুপ্রেরণার ক্ষেত্র তৈরি করবে।

এবারের আয়োজনে অনুষ্ঠিত হচ্ছে ২৪টি স্কুল দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা, ১৬টি কলেজ দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা এবং ২৬টি বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণে দ্বাদশ আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা। তিনদিনব্যাপী এই উৎসবে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত বিতার্কিকদের অংশগ্রহণে মুখর হয়ে উঠেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি ক্যাম্পাস। আয়োজকরা আশা করছেন, এবারের আয়োজন যুক্তি, জ্ঞানচর্চা ও সৌহার্দ্যের অনন্য মিলনমেলায় পরিণত হবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 24 July 2026, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-24

চট্টগ্রাম • শুক্রবার • ২৪ জুলাই ২০২৬ • ৯ শ্রাবণ ১৪৩৩ • ৯ সফর ১৪৪৮ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ৩২ সংখ্যা ৩১৯

সত্যিটি সত্যত থেকে মুদ্রিত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ বিজন ভট্টাচার্যের নবান্ন দুর্ভিক্ষের ইতিহাস

৫ 'বিতর্ক দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম'

৬ ফাইনাল পুনরায় আয়োজনের দাবি!



অহেতুক বিদেশ সফর
**সরকারি অর্থের অপচয় বন্ধ হোক**
সুপ্রভাত বাংলাদেশে প্রকাশিত একটি অনুসন্ধানী প্রতিবেদনে বলা হয়েছে, নিয়মবহির্ভূতভাবে ঠিকাদারি প্রতিষ্ঠানের টাকায় ...

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব ২০২৬-এর উদ্বোধনীতে উপাচার্য প্রফেসর এসএম নছরুল কদিরসহ অন্যরা

### দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৬ এর উদ্বোধন

# 'বিতর্ক দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম'

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'যেখানে যুক্তির ভাবনা মেশে সাগরের ঢেউয়ে, পাহাড়ের উচ্চতায়' এই প্রতিপাদ্যকে সামনে রেখে উৎসবমুখর পরিবেশে উদ্বোধন করা হয়েছে দ্বাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৬। বৃহস্পতিবার, সকাল ৯.৩০টায় প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত তিনদিনব্যাপী এই জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর জুলিয়া পারভীন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউ-ডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, সাইফুদ্দিন মুন্না এবং নিলুফার সুলতানা। স্বাগত বক্তব্য প্রদান করেন পিইউডিএস-এর সভাপতি ফজল আল মাহমুদ অয়ন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পিইউডিএস-এর সাধারণ সম্পাদক সিফাত নুর চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, বিতর্ক কেবল প্রতিযোগিতা নয়, এটি যুক্তিবোধ, বিশ্লেষণী চিন্তা ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তোলার অন্যতম কার্যকর মাধ্যম। তিনি শিক্ষার্থীদের মুক্তচিন্তা ও ইতিবাচক যুক্তিচর্চার মাধ্যমে সমাজ ও রাষ্ট্র গঠনে ভূমিকা রাখার আহ্বান জানান। বিশেষ অতিথি প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, সহ-শিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের ব্যক্তিত্ব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জাতীয় পর্যায়ের এমন একটি মানসম্মত বিতর্ক উৎসব আয়োজনের জন্য তিনি পিই-উডিএসকে অভিনন্দন জানান এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের ভিন্নমতকে সম্মান করতে শেখায় এবং যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা তৈরি করে। তিনি অংশগ্রহণকারী সকল বিতার্কিকের সফলতা কামনা করেন।প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, বিতর্কের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে শৃঙ্খলা, আত্মবিশ্বাস, নেতৃত্ব ও দায়িত্ববোধের বিকাশ ঘটে। তিনি সকল প্রতিযোগীকে সুস্থ ও ইতিবাচক প্রতিযোগিতার মাধ্যমে নিজেদের দক্ষতা তুলে ধরার আহ্বান জানান।

**প্রিমিয়ার ইউনিভার্সিটি**

সভাপতির বক্তব্যে জনাব জুলিয়া পারভীন বলেন, পিইউডিএস দীর্ঘদিন ধরে যুক্তি, জ্ঞান ও মান-বিক মূল্যবোধ চর্চার একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে যাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, এবারের জাতীয় বিতর্ক উৎসবও দেশের তরুণ বিতার্কিকদের জন্য নতুন অভিজ্ঞতা ও অনুপ্রেরণার ক্ষেত্র তৈরি করবে।

এবারের আয়োজনে অনুষ্ঠিত হচ্ছে ২৪টি স্কুল দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা, ১৬টি কলেজ দলের অংশগ্রহণে ষষ্ঠ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা এবং ২৬টি বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণে দ্বাদশ আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 24 July 2026, Page: 5, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-07-24